

টাঙ্গাইলে শিক্ষার্থীরা এখনো বই পায়নি প্রাথমিক শিক্ষা বিঘ্নিত

টাঙ্গাইল থেকে জেলা বার্তা পরি-
বেশক : নতুন শিক্ষাবর্ষ শুরু ২০ দিন
পরও জেলার প্রাথমিক বিদ্যালয়সমূহের
বই শিক্ষার্থীই বিনামূল্যে পাঠ্যবই
পায়নি। বিশেষ করে তৃতীয়, চতুর্থ ও
পঞ্চম শ্রেণীর কোন ছাত্রছাত্রীই এখনো
আদের সব বই সংগ্রহ করতে পারেনি।
এর ফলে জেলার সর্বত্র সরকারি-
বেসরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহে
ছাত্রছাত্রীদের পড়াশেখা বিঘ্নিত হচ্ছে।
কতিয়ত হচ্ছে বাধ্যতামূলক সার্বজনীন
প্রাথমিক শিক্ষা কার্যক্রম।

জেলার কোন প্রাথমিক বিদ্যালয়ের
ছাত্রছাত্রীরা এখন পর্যন্ত পঞ্চম শ্রেণীর
বাংলা, ইংরেজি ও সমাজ; চতুর্থ শ্রেণীর
বাংলা, গণিত ও সমাজ এবং তৃতীয়
শ্রেণীর সমাজ বই পায়নি। তৃতীয় শ্রেণীর
বাংলা বই চাহিদার প্রায় অর্ধেক এসেছে
জেলা সদরে। বাকি অর্ধেক এখনো এসে

এখানে এসে পৌঁছায়নি। কেবলমাত্র
প্রথম ও দ্বিতীয় শ্রেণীর পাঠ্যবই জেলার
বেশিরভাগ বিদ্যালয়ে পৌঁছেছে। জেলার
বিভিন্ন স্থান থেকে অভিভাবক এবং
শিক্ষকরা জানান, তৃতীয়, চতুর্থ ও পঞ্চম
শ্রেণীর বাংলা এবং সমাজ বিষয়ের
বইয়ের অংশবিশেষ পরিবর্তন করে নতুন
ছাপার কাজ করায় এই বইগুলো নতুন
সরবরাহ করা হবে। ছাপার কাজ
বিলম্বিত হওয়ায় এখনো এই বইগুলো
ছাত্রছাত্রীরা পায়নি।

জেলা প্রাথমিক শিক্ষা দপ্তর সূত্রে জানা
গেছে, উর্ধ্বতন সরকারি কর্তৃপক্ষ
টাঙ্গাইল জেলায় চলতি শিক্ষাবর্ষে ১৪
লাখ ৯৯ হাজার ২ শ' ৮৭টি নতুন বই
বরাদ্দ করেছেন। এর মধ্যে এ নাগাদ
জেলায় মাত্র ৮ লাখ ৯৩ হাজার ৩শ'
৪০টি বই সরবরাহ করা হয়েছে। বাকি
৬ লাখ ৬৬ হাজার ৫৭টি বই এখনো এসে

পৌঁছায়নি। পঞ্চম শ্রেণীর ৭৭ হাজার
৬শ' ৭৪টি সমাজ বই সরবরাহের কথা
থাকলেও এ পর্যন্ত এক কপি বইও
এখানে আসেনি। বাংলা বিষয়ে ৭৭
হাজার ৬শ' ৭৪টি বইয়ের মধ্যে মাত্র ১৭
হাজার ৫শ' ৮টি বই পাওয়া গেছে। চতুর্থ
শ্রেণীর বাংলা বিভাগের বরাদ্দকৃত ৮৭
হাজার ১শ' ২৫টি বইয়ের মধ্যে কোন
বই এখনো পাওয়া যায়নি। গণিত বিষয়ে
বরাদ্দকৃত ৩৫ হাজার ৯শ' ৭৫টি বইয়ের
মধ্যে এক কপি বইও এখনো এখানে
আসেনি। সমাজ বিষয়ে বরাদ্দকৃত ৮৭
হাজার ১শ' ২৫টি বইয়ের মধ্যে কোন
বই পাওয়া যায়নি। তৃতীয় শ্রেণীর সমাজ
বিষয়ে বরাদ্দকৃত ৯৫ হাজার ৯শ' ৫৮টি
বইয়ের মধ্যে এখন পর্যন্ত একটি বইও
পাওয়া যায়নি। বাংলা বিষয়ে বরাদ্দকৃত
৯৫ হাজার ৫শ' ৫৮টি বইয়ের মধ্যে এ
নাগাদ মাত্র ৪৬ হাজার ৬শ' ৮৮টি বই
পাওয়া গেছে। দ্বিতীয় শ্রেণীর বাংলা
বিষয়ে বরাদ্দকৃত ১ লাখ ১ হাজার ৯শ'
১৩টি বইয়ের মধ্যে ৯৩ হাজার ৯শ' ৮২
এবং গণিত বিষয়ে বরাদ্দকৃত ৯৩ হাজার
৭শ' ৭৪টি বইয়ের মধ্যে ৩৫ হাজার
৭শ' ৭টি বই পাওয়া গেছে। প্রথম শ্রেণীর
বাংলা বিষয়ে বরাদ্দকৃত ১ লাখ ১১
হাজার ৪শ' ৫৮টি বইয়ের মধ্যে ১ লাখ
১ হাজার ৪শ' ৫৭টি বই পাওয়া গেছে।

আগে যে বইগুলো এসেছে, সেগুলো
ইতোমধ্যেই উপজেলাসমূহে সরবরাহ
করা হয়েছে। পরে আসা বইসমূহ
পর্যায়ক্রমে উপজেলাসমূহে পাঠানো
হচ্ছে। যে বইগুলো এখনো আসেনি,
সেগুলো ঢাকা থেকে এলেই
উপজেলাসমূহে পাঠানো হবে।

এ ব্যাপারে জানানর জন্য জেলা
প্রাথমিক শিক্ষা কর্মকর্তার সাথে
যোগাযোগের চেষ্টা করা হলে তাকে
পাওয়া যায়নি। অন্য একজন কর্মকর্তা
জানান, জেলায় প্রাথমিক বিদ্যালয়সমূহে
মোট বইয়ের চাহিদা ছিল প্রায় সাড়ে ১৭
লাখ। এর মধ্যে জেলায় পুরনো বই ছিল
প্রায় আড়াই লাখ এবং ঢাকা থেকে প্রায়
১৫ লাখ বইয়ের বরাদ্দ পাওয়া গেছে।
৮শ' ৯৩ হাজার ৫৭টি বইয়ের মধ্যে এ নাগাদ ৮
লাখ ৯৩ হাজার ৫৭টি বইয়ের মধ্যে ৮
লাখ ৯৩ হাজার ৫৭টি বইয়ের মধ্যে এ
সকল ছাত্রছাত্রীকে এ বছর বাংলা ও
সমাজ বই নতুন দেয়া হবে। এই
বইগুলো নতুন ছাপা হওয়ায় ঢাকা থেকে
আসতে দেরি হচ্ছে।